

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, নভেম্বর ১২, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-১ শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ৩০ আগস্ট ১৪২২ বঙ্গাব্দ/১৫ অক্টোবর ২০১৫ খ্রিস্টাব্দ

নং ৪৬.০৪৬.০২৭.০০.০০.০৮৬.২০১৪-১২৩৭—যেহেতু, জনাব মোঃ মোস্তফা অলি আহমেদ
রঞ্জী চৌধুরী, চেয়ারম্যান, বদলগাছী উপজেলা পরিষদ, নওগাঁ-এর বিরুদ্ধে বদলগাছী থানার মামলা
নং ১৫/৫৭, তারিখ: ১৮-০৩-২০১৩ ও মামলা নং-১৬/৫৮, তারিখ: ১৮-০৩-২০১৩ এর
অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হয়েছে;

যেহেতু, বিজ্ঞ আদালত কর্তৃক জনাব মোঃ মোস্তফা অলি আহমেদ রঞ্জী চৌধুরী, চেয়ারম্যান,
বদলগাছী উপজেলা পরিষদ, নওগাঁ-এর বিরুদ্ধে অভিযোগপত্র গৃহীত হওয়ায় তাঁর দ্বারা উপজেলা
পরিষদের ক্ষমতা প্রয়োগ জনস্বার্থের পরিপন্থি মর্মে সরকার মনে করে;

সেহেতু, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা
সংশোধিত] এর ধারা ১৩৬(১) অনুযায়ী নওগাঁ জেলার বদলগাছী উপজেলা পরিষদ চেয়ারম্যান জনাব
মোঃ মোস্তফা অলি আহমেদ রঞ্জী চৌধুরী-কে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

লুৎফুল নাহার
সিনিয়র সহকারী সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

ড. মহিউদ্দীন আহমেদ (উপসচিব), উপপরিচালকের দায়িত্বে, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd

(৮৮৪৯)
মূল্য : টাকা ৪.০০